নেইমার-এমবাপ্পে কখনও পিএসজি ছাড়বে না: আল-খেলাইফি

পর্তুগালের লিসবনে বুধবার নেইমার-এমবাপ্পের দুর্দান্ত পারফর্ম্যান্সে আতালান্তাকে ২-১ ব্যবধানে হারিয়ে ২৫ বছর পর চ্যাম্পিয়নস লিগের সেমিফাইনাল নিশ্চিত করেছে প্যারিস সেন্ট জার্মেই (পিএসজি)। সেই ম্যাচের পর পিএসজির মালিক নাসের আল-খেলাইফি জানিয়েছেন, এই দুই তারকা পার্ক দে প্রিন্সেসে তাদের ক্যারিয়ার শেষ করবেন।

আরএমসি স্পোর্টকে তিনি বলেন, ‘নেইমার এবং এমবাপ্পে বিশ্বের দুই সেরা খেলোয়াড়। নেইমার বিশ্বের সেরা তিন ফুটবলারদের একজন। সে ম্যাচ সেরা হয়েছে। সে সেরা সবসময়। সে এবং কিলিয়ান কখনও ক্লাব ছাড়বে না। তারা পিএসজিতে থাকবে। ’

পিএসজি এর আগে শেষবার চ্যাম্পিয়নস লিগের শেষ চারে ওঠেছিল ১৯৯৫ সালে। এবার দীর্ঘ সেই অপেক্ষার অবসান ঘটিয়ে ফরাসি জায়ান্টদের প্রথমবারের মতো শিরোপা জয়ের স্বপ্ন দেখাচ্ছেন নেইমার-এমবাপ্পে।

সূত্র- বিডি প্রতিদিন

উইলিয়ানের নতুন ঠিকানা আর্সেনাল

ব্রাজিলিয়ান উইঙ্গার উইলিয়ান চেলসির সঙ্গে সম্পর্কের ইতি টানার পর এবার আর্সেনালে পাড়ি জমালেন। শুক্রবার এক বিবৃতিতে বিষয়টি নিশ্চিত করেছে গানাররা।

ব্লুস’দের সঙ্গে চুক্তির মেয়াদ শেষে গত রবিবার স্টামফোর্ড ব্রিজ ছাড়ার বিষয়টি নিশ্চিত করেন উইলিয়ান। তবে এখনই লন্ডন ছাড়ছেন না তিনি। কারণ ৩ বছরের চুক্তিতে একই শহরের আরেক ক্লাব আর্সেনালে গেছেন ৩২ বছর বয়সী তারকা।

উইলিয়ানকে দলে ভিড়িয়ে উচ্ছ্বসিত আর্সেনাল কোচ মাইকেল আর্তেতা বলেন, ‘গত কয়েক মাস ধরে আমরা তাকে (উইলিয়ান) নজরে রেখেছিলাম। অ্যাটাকিং মিডফিল্ডার এবং উইঙ্গার পজিশনে শক্তি বৃদ্ধির পরিকল্পনা করেছি।

উইলিয়ান এমন একজন যে খেলোয়াড় যে দুই ভূমিকাতেই দারুণ, এমনকি সে তিন কিংবা চার পজিশনে খেলার সামর্থ্য রাখে। আমার মতে সে এমন এক খেলোয়াড় যে পার্থক্য গড়ে দিতে সক্ষম।’

সূত্র- বিডি প্রতিদিন

আলমডাঙ্গায় যুবক অপহরণ, মুক্তিপণে বাড়ি লিখে নেওয়ার অভিযোগ

বিদেশ বিভুই মালদ্বীপে কিডন্যাপের নাটক সাজিয়ে মুক্তিপণ হিসেবে গ্রামের ছেলের কাছ থেকে বাড়ির জমি লিখে নেওয়ার ঘটনায় ওই গ্রামটিতে তোলপাড় চলছে। একটু পুরানো হলেও ঘটনা থানা পর্যন্ত গড়ালে নতুন করে তা আলোচনায় আসে। আলমডাঙ্গার জামজামীর ঘোষবিলা গ্রামের মানুষের মুখে মুখে এখন মালদ্বীপের সেই বিশ্বাস ঘাতকতার গল্প।

জানা গেছে, ২০১৩ সাথে ঘোষবিলা গ্রামের আনিছুর রহমানের ছেলে মিজানুর রহমান ভাগ্যের চাকা ঘুরাতে ছোট্ট দেশ মালদ্বীপে পাড়ি জমান। তাকে নিয়ে যায় একই গ্রামের সোহেল নামের একটি ছেলে। এরপর ঘোষবিলা গ্রামেরই মাহিন উদ্দিনের ছেলে শিলনও ২০১৬ সালে মালদ্বীপে যায়। একই গ্রামে বাড়ি হওয়ায় তারা মালদ্বীপে মিলেমিশেই থাকছিল। কিন্ত এরই মধ্যে মালদ্বীপ প্রবাসী ঘোষবিলা গ্রামের ছেলেদের মেলামেশায় ছন্দপতন ঘটে। টাকার লেনদেনে জড়িয়ে পড়ে মিজানুর ও শিলন নামের দুজন। শিলন দাবি করতে থাকে সে মিজানুরের কাছে টাকা পাবে।

সূত্র মতে, পাওনা সেই টাকা নিতে শিলন এক অভিনব পন্থা অবলম্বন করে। সে তার আরো ৭/৮ জন সঙ্গিকে নিয়ে মালদ্বীপের মাটিতেই মিজানুরকে অপহরন করে। তারা এক পরিত্যাক্ত বাড়িতে মিজানুরকে নিয়ে গিয়ে গলায় চাকু ধরে ঘোষবিলায় তার পিতার কাছে ফোন করায়। ফোনে বলতে বাধ্য করায় যে কোন মূল্যে সাড়ে তিন লক্ষ টাকা শিলনের পিতাকে দিয়ে দিতে। এর জন্য ২৪ ঘন্টা সময় বেঁধে দেওয়া হয়।

এদিকে, ২৪ ঘন্টায় সাড়ে তিন লক্ষ টাকা সংগ্রহ করা একেবারে অসম্ভব হয়ে দেখা দেয় মিজানুরের পিতার কাছে। তিনি দিশেহারা হয়ে পড়েন। তবে মিজানুরের পিতার মহাবিপদে পাশে এসে দাড়ায় শিলনের পিতা নিজে। তিনি সমাধানের পথ বাতলে দেন। তিনি মিজানুরের পিতাকে বলেন, বাড়ির জমি বিক্রি করে দেওয়ার জন্য। শুধু তাই নয়, বাড়ির জমি কারা কারা কিনবে এবং দাম কত দিতে হবে সেটাও শিলনের পিতা নির্ধারন করে দেয়।

ওই রাতেই শিলনের পিতা মাহিন উদ্দিন ঘোষবিলা গ্রামে এরশাদ, মহিবুল ও বাঙ্গালের স্ত্রীকে জমির ক্রেতা হিসেবে শনাক্ত করে। এই তিনজনই মালদ্বীপে অপহৃত মিজানুরের পিতার কাছ থেকে মুক্তিপণ হিসেবে বাড়ির জমি স্ট্যাম্প করে নেয়। কিন্ত এতেও সাড়ে তিন লক্ষ টাকার দাবি মেটেনি। কারন জমির ক্রেতা ওই তিনজন দুই লক্ষ একত্রিশ হাজার টাকার বেশী দিতে রাজি হননি। বাকি এক লক্ষ ঊনিশ হাজার টাকা মিজানুর মালদ্বীপে এরওর কাছ থেকে ধারদেনা করে পরিশোধ করেই তারপর মুক্তি পায়।

মিজানুরের পিতা আনিছুর রহমান জানান, শিলনের পিতা মাহিন উদ্দিন তার বাড়িতে এসে মোবাইলের ভিডিও কলে দেখান মিজানুরের অপহরনের দৃশ্য। তার ছেলের গলায় চাকু ধরে রাখা হয়েছে। টাকা না দিলে মেরে ফেলার হুমকি দেওয়া হচ্ছে। প্রয়োজনে বাড়ির জমি বিক্রি করে টাকা দেওয়ারও পরামর্শ দেওয়া হচ্ছে।

তিনি জানান, মাহিন উদ্দিন গ্রামে থেকে তার ছেলেকে দিয়ে এই চক্রান্ত করেছে। এখন তিনি পুরোপুরি গৃহহীন হয়ে পড়েছেন। থানায় আর্জি জানিয়ে তিনি এই চক্রান্তের সুষ্ঠু বিচার চান।

গাংনীতে বিধবাকে যৌন নিপীড়ন চেষ্টায় মামলা

মেহেরপুরের গাংনীর ভাটপাড়া গ্রামে এক বিধবাকে যৌন নিপীড়নের চেষ্টার অভিযোগে মামলা দায়ের করা হয়েছে। গত শুক্রবার রাতে ভুক্তভোগী বিধবা নারী বাদী হয়ে থানায় মামলাটি দায়ের করেন। মামলা নম্বর ১৭।

মামলা সূত্রে জানা গেছে, কয়েকদিন আগে গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামের মৃত হারেজ আলির ছেলে দিনমজুর মহির উদ্দিন (৪৫) রাত এগারোটার দিকে প্রতিবেশী এক বিধবা মহিলার ঘরে ঢুকে যৌন নিপীড়নের চেষ্টা চালায়। এসময় ওই বিধবা চিৎকার করলে মহিরউদ্দিন পালিয়ে যায়।

পরের দিন উভয় পক্ষই ঘটনাটি ধামাচাপা দেওয়ার চেষ্টায় উভয় পরিবারের মধ্যে সালিশের আয়োজন করে। দুই পক্ষের রশি টানাটানিতে সালিশ পন্ড হয়ে যাই। বৃহস্পতিবার ওই মহিলা সাহারবাটি বিট পুলিশি এর কাছে একটি লিখিত অভিযোগ দায়ের করেন।

বিট পুলিশিং এর এসআই আব্দুর রাজ্জাক, গাংনী থানার এসআই আব্দুল হান্নান সহ কয়েকজন পুলিশ সদস্য গ্রামে গিয়ে ঘটনা যাচাই বাছাই করেন। শুক্রবার রাতে ভুক্তভোগী বিধবা মহিলার লিখিত অভিযোগ আমলে নিয়ে মামলা রুজু করা হয়। ঘটনার দিন থেকে মহির উদ্দিন গা ঢাকা দিয়েছে।

এ বিষয়ে মহির উদ্দিন এর পরিবারের লোকজন জানান, এটি একটি ষড়যন্ত্র। কতিপয় ব্যক্তি আমাদের ক্ষতিগ্রস্ত করার জন্য এই মামলাটি দায়ের করিয়েছেন।

গাংনী থানার ওসি তদন্ত সাজেদুল ইসলাম মামলা হয়েছে মর্মে নিশ্চিত করে বলেন,এ মামলায় মহিরউদ্দিন পলাতক রয়েছে তবে তাকে গ্রেফতারের জন্য জোর চেষ্টা চালিয়ে যাচ্ছে পুলিশ।

মেহেরপুরে নতুন করে আজ ১৭ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আজ ১৭ জন করোনায় আক্রান্ত হয়েছেন বলে মেহেরপুর সিভিল সার্জন মেহেরপুর প্রতিদিন কে নিশ্চিত করেছেন।

এ নিয়ে জেলায় মোট আক্রান্ত হলেন ৩৪১ জন।

বিস্তারিত আসছে……..

ঝিনাইদহে নবজাতক শিশু উদ্ধার, সব দায়িত্ব নিলেন ওসি মিজানুর রহমান

ঝিনাইদহ-যশোর মহাসড়কের তেতুলতলা বাজার এলাকার মায়াধরপুর গ্রামের নুরগীতলা নামক স্থানে এক নবজাতক ছেলে শিশু উদ্ধার করল সদর থানা পুলিশ।

ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ মিজানুর রহমান জানান, আজ শুক্রবার সকাল সাড়ে দশটার দিকে একটি নবজাতক শিশুকে দেখে এলাকাবাসী থানা পুলিশকে জানালে তাৎক্ষণিকভাবে ঘটনাস্থলে গিয়ে স্থানীয়দের সহযোগিতায় শিশুটিকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়।

তিনি আরো জানান, বাচ্চাটির সুচিকিৎসার সকল ব্যবস্থা আমি গ্রহণ করেছি। বাচ্চাটি এখন চিকিৎসাধীন অবস্থায় হাসপাতালে শিশু ওয়ার্ডে ভর্তি আছে। আগ্রহী নিঃসন্তান দম্পতিরা বাচ্চাটিকে নেওয়ার জন্য হাসপাতালে ভিড় করছে ও ফোন দিচ্ছে। বাচ্চাটি নিরাপত্তার জন্য আমাদের থানার নারী কনস্টেবল নিয়োজিত করা হয়েছে।

আমাদের প্রধান লক্ষ্য বাচ্চাটিকে আগে সুস্থ করে তোলা। তারপর

উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলাপ-আলোচনা করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

দুই মাস পরিচর্যা করেই দেখা পেলো নাইট কুইন’র

ভালোবাসার প্রতীকের আরেক নাম ফুল।সে যে কোন ফুলই হোকনা কেন? প্রিয়তমার গলায় মালা কিংবা খোঁপায় ভালোবেসে ফুল গুঁজে দেয়ার সৌন্দর্য-অনুভূতি অনন্য। সব ধরনের শুভ কাজেও ফুলের ব্যবহার রয়েছে আমাদের দেশে অনেক। তবে মানুষভেদে ফুলের পছন্দের তারতম্য দেখা যায়। কেউ গোলাপ, কেউ হাসনাহেনা, কেউবা গ্রামবাংলার মেঠো পথের ধারে ফোটা অজানা ফুলের ভালোবাসায় মুগ্ধ হন। তবে যে ফুল কয়েক বছরে একবার ফোটে, সেই ফুল নিয়ে সবার কৌতূহল থাকবে এটাই স্বাভাবিক। তেমনই একটি ফুলের নাম হলো- নাইট কুইন।

মিষ্টি মনোহরিণী সুবাস, দুধসাদা রং, স্নিগ্ধ ও পবিত্র পাপড়ি আর সৌভাগ্যের প্রতীক হিসেবে এই ফুল পরিচিত। রাতের আঁধারে নিজের সৌন্দর্য মেলে ধরে সকাল হওয়ার আগেই ঝরে পড়ে নাইট কুইন। তাই এই একটি ফুলের জন্য বছরের পর বছর অপেক্ষা করতে হয় ফুলপ্রেমীদের। আমাদের দেশে দুর্লভ প্রজাতির ফুল হিসেবেই গণ্য করা হয় নাইট কুইনকে।

এক রাতে এই দুর্লভ এই নাইট কুইন ফুলের দেখা মিলল কুষ্টিয়ার ভেড়ামারার ছাদবাগন মালিক ডা: আসমান আলীর লাগানো টবে মাত্র দুই মাস আগে একটি টবে এ গাছটি লাগান তিনি। মাত্র দুই মাস পরিচর্যা করেই তিনি এ ফৃুলের দেখা পেয়েছেন।

নাইট কুইন ফুলটির পরিপূর্ণ রূপ দেখতে আগ্রহী ছিলেন আসমান আলীল শুভাকাঙ্খীরা।
রাত থেকে ফুলটি দেখতে আগ্রহ নিয়ে অপেক্ষা করতে থাকে শিক্ষার্থীরা। রাত ১০টায় অপেক্ষার অবসান ঘটে। নিজের রূপের বাহার নিয়ে নাইট কুইন পরিপূর্ণভাবে পাপড়ি মেলে দেয়।

উপস্থিতদের তখন ফুলটি নিয়ে সেলফি তোলায় ব্যস্ত হয়ে পড়ে। ওবাইদা আল মাহাদী জানান, বিরল ক্যাকটাস জাতীয় এ ফুলটির বৈশিষ্ট্য অন্যান্য ফুলের তুলনায় একটু আলাদা। বছরের মাত্র একদিন এবং মধ্যরাতে পূর্ণ বিকশিত হয়। আর শেষরাতেই জীবনাবসান ঘটে। আমি এই নাইট কুইন ফুলেল এমস গল্প শুনেছি। কিন্তু কখনো দেখার সুযোগ হয়নি।রাতে শোনামাত্রই আমি এই নাইট কুইন দেখতে এসেছি। অনেক ভালো লাগলো ফুলটি দেখে।

আসমান আলী বলেন, আমার ছাদে অন্তত শতাধীক ফুল ও ফলের চারা রয়েছে। তবে এই নাইট কুইনের ভীষন ইচ্ছা থাকলেও সংগ্রহ করতে অনেক দেরী হয়ে গেছে।
‘নাইট কুইন খুবই দুষ্প্রাপ্য ফুল। সৌন্দর্যের প্রতীক হিসেবে মাস দুয়েক আগে আমার এক বন্ধু সংগ্রহ করে এই গাছটি দিয়েছিলেন। বহু দিনের সখ ছিল নাইট কুইন ফুল ফোটানো।আল্লাহ সে আশা পূরণ করেছে।গত রাতে আমার ছাদ বাগানে ফুটেছে এ ফুলটি।

তিনি বলেন, আমার এক আত্মিয় বারো বছর ধরেও কোন ‘নাইট কুইন’ ফুল ফোটাতে পারিনি। আমার কপালে ছিলো তাই দুই মাসেই ফুল ফোটাতে পেরেছি।ফুলের সৌন্দর্য আমাকে খুব আকৃষ্ট করে। শুধু ফুলই নয়, আমার বাড়ীর ছাদে ফুল ও ফলের পাশাপাশি বিভিন্ন ধরনের সবজির আবাদ করেও আমি নিজেকে তৃপ্ত মনে করি।

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় ব্যাংক কর্মকর্তা নিহত

কুষ্টিয়ার ভাদালিয়ায় সড়ক দুর্ঘটনায় শাহিনুর রহমান সাবু (৩৫) নামে এক ব্যাংক কর্মকর্তা নিহত হয়েছেন।

শুক্রবার (১৪ আগস্ট) সকালে এ দুর্ঘটনা ঘটে।

শাহিনুর রহমান বাড়ি সদর উপজেলার পিয়ারপুর এলাকায়। তার বাবার নাম আছির উদ্দিন। তিনি যমুনা ব্যাংকের যশোর শাখার সিনিয়র মার্কেটিং এক্সিকিউটিভ অফিসার হিসেবে কর্মরত ছিলেন।

স্থানীয়রা জানায়, সকালে কুষ্টিয়া থেকে মোটরসাইকেলে করে যশোর কর্মস্থলে যাচ্ছিলেন। ভাদালিয়ায় পৌঁছালে পেছন থেকে একটি ট্রাক তাকে ধাক্কা দিলে ঘটনাস্থলেই তিনি মারা যান।

কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মোস্তফা এ তথ্য নিশ্চিত করে জানান, লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্ত শেষে লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রেখেই কাজ করতে চাই- ইউএনও সুজন সরকার

মুজিবনগরে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে সুজন সরকারের যোগদান করার পর প্রথম দিন অফিসে বসে মুজিবনগরের উন্নয়ন সম্পর্কে তার অনুভূতি সম্পর্কে জানতে চাইলে মেহেরপুর প্রতিদিনের এক সাক্ষাৎকারে তিনি বলেন, মহান মুক্তিযুদ্ধের তীর্থভূমি হচ্ছে মুজিবনগর।আর এই রকম একটি জায়গায় যে কোন সরকারি কর্মচারীর কাজ করতে পারাটা একটি সৌভাগ্যের ব্যাপার।মুজিবনগরের মত জায়গায় উপজেলা নির্বাহী অফিসার হিসাবে পদায়িত হওয়ায় নিজেকে সৌভাগ্যবান মনে করছি।আমি মনে করতে পারছি আমি এখানে আসতে পেরে নিজেও একটা ইতিহাসের অংশ হতে পেরেছি।

মুজিবনগর একটি সীমান্তবর্তী এলাকা হওয়ায় এই এলাকাটি এখনো অবহেলিত, এই এলাকার উন্নয়ন ভাবনা নিয়ে জানতে চাইলে তিনি বলেন,আমি এখানে যোগদান করার পর জনপ্রশাসন প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে কথা বলেছি। তিনি উন্নয়নের বিষয়ে খুবই আন্তরিক। এবং তিনি সারা বাংলাদেশের ভিতরে মুজিবনগরকে একটি রোল মডেল হিসাবে গড়ে তুলবেন। আর জনপ্রশাসন প্রতিমন্ত্রীর নির্দেশনায় এবং জেলা প্রশাসক মহোদয়ের নির্দেশক্রমে আমরা উপজেলা প্রশাসরের পক্ষ থেকে সরকারের যে উন্নয়ন ভাবনা আছে তার অংশীদার হিসাবে মুজিবনগরকে একটি রোল মডেল হিসেবে গড়ে তুলতে চাই।

কোটচাঁদপুরে পানিতে ডুবে দুই মাদ্রাসা ছাত্রের মৃত্যু, নিখোঁজের ১৪ ঘন্টা পর মরদেহ উদ্ধার

ঝিনাইদহের কোটচাঁদপুরে পানিতে ডুবে নিখোঁজের ১৪ ঘন্টা পর পুকুর থেকে জাকারিয়া হোসেন চঞ্চল (১০) ও মিশন হোসেন (১০) নামে দুই মাদ্রাসা ছাত্রের মরদেহ উদ্ধার করেছে এলাকাবাসী।

শুক্রবার (১৪ আগষ্ট) ভোর ৬টার দিকে উপজেলার সাফদাপুর ইউনিয়নের রাজাপুর গ্রামের মুকুল হোসেনের পুকুর থেকে তাদের মরদেহ উদ্ধার করা হয়। নিহত জাকারিয়া হোসেন চঞ্চল কোটচাঁদপুর উপজেলার বলুহর গ্রামের ঢালী পাড়ার বাহাদুর আলীর ছেলে ও নিহত মিশন কালিগঞ্জ উপজেলার মল্লিকপুর গ্রামের ফোরকান আলীর ছেলে। নিহতরা রাজাপুর আল-হেরা হাফেজিয়া মাদ্রাসার নূরানী বিভাগের ছাত্র।

মাদ্রাসার শিক্ষক মোঃ আকিমুল ইসলাম জানান, মাদ্রাসার মসজিদ নির্মাণের কাজ করায় বৃহস্পতিবার দুপুরে ছাত্ররা পার্শ্ববর্তী একটি পুকুরে গোসল করতে যায়। বেলা ১ টার দিকে গোসল করে ছাত্ররা সবাই মাদ্রসায় ফিরে আসে।

বিকাল ৫ টার দিকে খেলা শেষে জাকারিয়া ও মিশন আবার ওই পুকুরে গোসল করতে যায়। সন্ধার পর মাদ্রাসায় তাদেরকে দেখতে না পেয়ে উপস্থিত ছাত্রদের কাছে তাদের খোঁজ নেওয়া হয়। পরে নিখোঁজের ঘটনা জানিয়ে গ্রামবাসী ও পরিবারের সদস্যদের কে নিয়ে রাত ১ টা পর্যন্ত গ্রামে এবং ওই পুকুরে খুঁজা হয়।

নিখোঁজের ১৪ ঘন্টা পর আজ শুক্রবার ভোর ৬ টার দিকে স্থানীয়রা মাদ্রাসা ছাত্র মিশনের মরদেহ পুকুরে ভাসতে দেখে। নিখোঁজ অন্য ছাত্রের মরদেহ না পেয়ে এলাকাবাসী ফায়ার সার্ভিসকে খবর দেয়। আধা ঘন্টা পর জাকারিয়া হোসেনের মরদেহ পানিতে ভেসে উঠে। পরে এলাকাবাসী তাদের মরদেহ উদ্ধার করে।